॥সংবাদ বিজ্ঞপ্তি॥

# সেবা খাতে দুর্নীতি বিষয়ক জাতীয় খানা জরিপের ব্যাপারে সুপ্রিম কোর্টের তৃতীয় চিঠি টিআইবি পেয়েছে

**ঢাকা, বৃহস্পতিবার, ৬ জানুয়ারি ২০১১:** সেবা খাতে জাতীয় খানা জরিপ ২০১০ সম্পর্কে সুপ্রিম কোর্টের ৬ জানুয়ারি ২০১১ তারিখের চিঠি আজ টিআইবি'র হস্তগত হয়েছে। বিগত ৪ জানুয়ারি টিআইবি কর্তৃক সিডিতে প্রেরিত STATA এবং SPSS ফাইল দুটি উচ্চ আদালতের পক্ষে খোলা সম্ভব হয় নাই বিধায় বিচার বিভাগের দুর্নীতি সম্পর্কিত উত্তর সম্বলিত প্রশ্নমালার হার্ড কপি এবং প্রাসঙ্গিক তথ্য প্রেরণের অনুরোধ জানানো হয়েছে চিঠিতে।

টিআইবি'র নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান জরিপ সম্পর্কে সুপ্রিমকোর্টের এই তথ্যের চাহিদাকে স্বাগত জানিয়ে বলেন, "আগামী রোববারের মধ্যে খানা জরিপের উত্তর সম্বলিত হার্ড কপি পাঠানো হবে। তবে, জরিপ বিজ্ঞানের জাতীয় ও আন্তর্জাতিকভাবে স্বীকৃত নিয়ম অনুযায়ী তথ্যদাতার নাম ও পরিচয় প্রকাশ করা হবে না"।

ইফতেখারুজ্জামান বলেন, জরিপের তথ্য ও বিশ্লেষণের বৈজ্ঞানিক উৎকর্ষতা ও গ্রহণযোগ্যতা সম্পর্কে কোন প্রকার সন্দেহের অবকাশ নেই। আমরা আশা করি জরিপের ফলাফলের গুরুত্বের স্বীকৃতিপূর্বক দুর্নীতি প্রতিরোধে কার্যকর ব্যবস্থা গৃহীত হবে।

**গণমাধ্যম যোগাযোগ**

রিজওয়ান-উল-আলম
পরিচালক-আউটরিচ এন্ড কমিউনিকেশন
ই-মেইল: rezwan@ti-bangladesh.org
ফোন: ০১৭১৩০৬৫০১২